

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৮৮০

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ রুকু'তে তাতবীক (দুই হাতকে মুষ্টিবদ্ধ করে দুই হাঁটুর মাঝে রাখা) ইসলামের প্রথম দিকে বৈধ ছিল, তারপর উক্ত বিধান রহিত করা হয় এবং হাত হাঁটুর উপর রাখার নির্দেশ দেওয়া হয়

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ التَّطْبِيقَ فِي الرُّكُوعِ كَانَ فِي أَوَّلِ الْإِسْلَامِ ثُمَّ نُسخ ذَلِكَ بِالْأَمْرِ بِوَضْعِ الْأَيْدِي عَلَى الرُّكَب

আরবী

1880 ـ أَخْبَرَنَا أَبُو يَعْلَى حَدَّثَنَا إِسْحَاقُ بْنُ إِسْمَاعِيلَ الطَّالَقَانِيُّ حَدَّثَنَا وَكِيعٌ [عَنْ إِسْمَاعِيلَ الطَّالَقَانِيُّ حَدَّثَنَا وَكِيعٌ [عَنْ أَبِي وَقَّاصٍ قَالَ: إِسْمَاعِيلَ بْنِ سَعْدِ] بْنِ أَبِي وَقَّاصٍ قَالَ: كُنْتُ إِسْمَاعِيلَ بْنِ سَعْدٌ فَقَالَ: كُنَّا نَفْعَلُ هَذَا كُنْتُ إِذَا صَلَّيْتُ طَبَّقَتُ وَوَضَعْتُ يَدَيَّ بَيْنَ رُكْبَتَيَّ فَرَآنِي أَبِي سَعْدٌ فَقَالَ: كُنَّا نَفْعَلُ هَذَا فَنُهِينا عنه وأُمرنا بالرُّكَب.

الراوي: مُصنْعَب بْن سَعْدِ بْنِ أَبِي وَقَاصٍ المحدث: العلامة ناصر الدين الألباني المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 1880 اخلاصة حكم المحدث: صحيح ـ ((صحيح أبي داود)) (813)

বাংলা

১৮৮০. মুস'আব বিন সা'দ বিন আবী ওয়াক্কাস বলেন, "আমি যখন সালাত আদায় করতাম, তখন আমি আমার দুই হাত মুষ্টিবদ্ধ করে তা আমার দুই হাঁটুর মাঝে রাখতাম। অতঃপর আমার বাবা আমাকে এরকম করতে দেখে বলেন, "আমরা এরকম করতাম। অতঃপর এরকম করতে আমাদের নিষেধ করা হয় এবং আমাদেরকে হাঁটুর উপর হাত রাখতে নির্দেশ দেওয়া হয়।"[1]

ফুটনোট

[1] সহীহ ইবনু খুযাইমাহ: ৭৩৩; মুসনাদ্ ইমাম শাফে'ঈ: ১/৯২; মুসান্নাফ আব্দুর রাযযাক: ৩১৩৫; হুমাইদী: ৮৯৬; মুসনাদ আহমাদ: ৫/৮৬; আবূ দাউদ: ৯৯৮; নাসাঈ: ৩/৪-৫; তাবারানী আল কাবীর: ১৮৭৭; বাগাবী,



শারহুস সুন্নাহ: ৬৯৯; মুসনাদ আহমাদ: ৫/১০১; সহীহ মুসলিম: ৪৩০; নাসাঈ: ৩/৪; সুনান বাইহাকী: ২/২৮০।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ৮১৩)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ মুস'আব ইবনু সা'দ (রহ.)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন